দৈনিক ইনকিলাব

তারিখ 16 FEB 2005
পৃষ্ঠা ১৭ কলাম ৩

# শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বন্ধের চক্রান্ত প্রতিহত করা হবে : শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) জাতীয় কার্যনির্বাহী পরিষদের সভায় জীবন-জীবিকার প্রশ্নে দল-মতের উর্ধ্বে সর্বস্তরের পেশাজীবী ও জনগণের সমন্বয়ে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহবান জানানো হয়েছে। সভায় বোর্ড-বিশ্ববিদ্যালয়ের অনুমোদন ও অধিভুক্তির শর্তানুসারে নিয়োগকৃত এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক যাচাই-বাছাইয়ের পর এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের মধ্যে ২০ হাজার জনের বেতন-ভাতার সরকারী অংশ নানান অজুহাতে বন্ধের নতুন চক্রান্ত আইনানুগ প্রক্রিয়ায় ও সাংগঠনিক কর্মসূচী পালনের মাধ্যমে প্রতিরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাকশিস সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে ১১ ফেব্রুয়ারী অপরাহ্নে শহীদ মুনির আজাদ মিলনায়তনে অনুষ্ঠিত উক্ত সভায় বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, প্রাক্তন সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, কেন্দ্রীয় নেতৃবৃন্দ অধ্যক্ষ মুনসুকুর রহমান, অধ্যাপক মির্জা শহিউদ্দীন, অধ্যক্ষ নরুল নবী সিদ্দিকী প্রমুখ।